



BASIC Bank Limited

Serving people for progress

A 100% STATE-OWNED BANK
তারিখ: সেপ্টেম্বর ২২, ২০২২

বেসিক ব্যাংক লিমিটেড

শতভাগ রাষ্ট্রমালিকানাধীন ব্যাংক

পত্র সূত্র: ৫৩.০৯.০০০০.৮২২.৯৯.০০০.২২.৩৩৭

সকল সার্কেল, সকল বিভাগীয় প্রধান, ইউনিট প্রধান
প্রধান কার্যালয়, বেসিক ব্যাংক লিমিটেড

বিষয়: তথ্য অধিকার আইন-২০০৯ অনুযায়ী ব্যাংকের প্রধান কার্যালয়ের সকল বিভাগের তথ্য হালনাগাদ করে এমআইএস বিভাগে প্রেরণ প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, গত ২৮ জুন, ২০২২ তারিখে অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের মাননীয় সচিব মহোদয়ের সাথে বেসিক ব্যাংক লিমিটেড এর মাননীয় ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও মহোদয়ের মধ্যে ২০২২-২৩ অর্থ বছরের নতুন বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হয়েছে, যা ১ জুলাই, ২০২২ হতে কার্যকর।

প্রধান কার্যালয়ের অর্থ ও হিসাব বিভাগ এর পত্র সূত্র: নং ৫৩.০৯.০০০০.৮১৭.৯৯.৪৮২.২২.৪৮২ তারিখ: ১৮.০৭.২০২২ মোতাবেক তথ্য অধিকার বিষয়ের উপর এপিএ-তে মোট ২৫ নম্বর এবং এপিএ-তে ওয়েটেজ ৩ রাখা হয়েছে। সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনা সমূহের সার্বিক লক্ষ্যমাত্রা অর্জন করতে হলে তথ্য অধিকার বিষয়ে বিভিন্ন বিভাগের তথ্যের ক্যাটাগল ও ইনডেক্স তৈরি করা [data categorization] বাধ্যতামূলক; যা প্রমাণক হিসাবে মন্ত্রণালয়ে উপস্থাপন করতে হবে।

এমতাবস্থায়, আপনার/আপনাদের বিভাগের বিভিন্ন তথ্যের ক্যাটাগল ও ইনডেক্স তৈরি করে (তথ্য অধিকার আইন অনুযায়ী তথ্যের শ্রেণীবিন্যাস সংযুক্তিকরণ) মন্ত্রণালয়ে প্রদানের লক্ষ্যে এমআইএস বিভাগে অক্টোবর'২০২২-এর মধ্যে প্রেরণ করার ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

দয়া করে বিষয়টি জরুরী বলে গন্য করবেন।

ধন্যবাদান্তে

আপনার বিশ্বস্ত,

সহিদুল আলম মোহাম্মদ কবির
(তথ্য অধিকার বিষয়ক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা)
সহকারী মহাব্যবস্থাপক ও বিভাগীয় প্রধান
এমআইএস বিভাগ

সংযুক্তি: তথ্য অধিকার আইন অনুযায়ী তথ্যের শ্রেণীবিন্যাস সংযুক্তিকরণ

অনুলিপি: সকল বিভাগীয় প্রধান ও ইউনিট প্রধান, প্রধান কার্যালয়, ঢাকা
-সদয় অবগতির জন্য।

“শুদ্ধাচার ও শিষ্টাচার, সভ্য জাতির অহংকার”

Head Office : Sena Kalyan Bhaban (5th Floor), 195, Motijheel C/A, Dhaka-1000, Phone: 02-223359185-186, 02-223384830, 02-223388190
02-223384829, Fax: 88-02-9564829, SWIFT: BKSIBDDH, E-mail: basicho@citechco.net, Website: basicbanklimited.com